গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস সচিবালয়
www.cabinet.gov.bd


১৯ চৈত্র ১৪২৫
স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭২৪.১৬.০০৬.১৮.০৫৩ তারিখ:--------------------
০২ এপ্রিল ২০১৯

**পরিপত্র**

**বিষয়: 'সিআরভিএস এন্ড বিয়োন্ড (CRVS$^{+\cdots}$)' বাস্তবায়ন নির্দেশনা**

রাষ্ট্রে বসবাসকারী জনগণ এবং প্রবাসী নাগরিকের জীবনের বিশেষ জনতাত্বিক ও অন্যান্য ঘটনাসমূহ যথা- জন্ম, মৃত্যু, মৃত্যুর কারণ, শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ, ভোটাধিকার প্রয়োগ, বিবাহ ও বিবাহ-বিচ্ছেদ ইত্যাদি রাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে নিবন্ধন ও রেকর্ড করা (Civil Registration-CR) এবং সেই নিবন্ধিত তথ্য-উপাত্ত দিয়ে রাষ্ট্রের প্রয়োজনীয় নীতি-নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণের জন্য গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় পরিসংখ্যান (Vital Statistics-VS) প্রস্তুত করার সমন্বিত প্রশাসনিক প্রক্রিয়াটি Civil Registration and Vital Statistics (CRVS) হিসাবে পরিচিত। ২০১০ সালে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনার পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের নেতৃত্বে সিআরভিএস-এর বৈশ্বিক লক্ষ্য 'Make Every Life Count' অর্জনে বাংলাদেশে সিআরভিএস কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। সিআরভিএস-এর কার্যকর বাস্তবায়নের মাধ্যমেই টেকসই উন্নয়ন অভিষ্ট-এর অন্যতম মৌলিক নীতি 'Leave No One Behind' এর যথাযথ বাস্তবায়ন করা সম্ভব। তাছাড়া এসডিজি-এর ৬টি অভিষ্ট তথা ১, ২, ৩, ৫, ১৬ এবং ১৭ বিশেষত অভিষ্ট ৩, ১৬.৯ এবং ১৭.১৯ এর অর্জন সিআরভিএস বাস্তবায়নের মাধ্যমেই সম্ভব হবে। উপরন্তু ভিশন ২০২১ এবং ২০৪১ বাস্তবায়নের ক্ষেত্রে সিআরভিএস হবে গুরুত্বপূর্ণ পন্থা।

০২। ২০১৬ সালে বাংলাদেশে সিআরভিএস বাস্তবায়নের জন্য 'সিআরভিএস এন্ড বিয়োন্ড (CRVS$^{+\cdots}$)' পরিকল্পনা প্রণয়ন করা হয়। এ পরিকল্পনায় আন্তর্জাতিকভাবে স্বীকৃত সিআরভিএস-এর ছয়টি উপাদান তথা জন্ম, মৃত্যু, বিবাহ, বিবাহ-বিচ্ছেদ ও দত্তক নিবন্ধন এবং মৃত্যুর কারণ নির্ণয়ের সঙ্গে বাংলাদেশ স্থানান্তর, স্বাস্থ্যসেবা এবং শিক্ষাকে অর্ন্তভুক্ত করে বর্ধিত আকারের সিআরভিএস এবং জনগণের সেবাপ্রদান প্রক্রিয়ায় বিশেষত সামাজিক নিরাপত্তা কর্মসূচির সেবাপ্রদান ব্যবস্থাকে অধিকতর কার্যকর করার উদ্যোগ হিসাবে একটি সমন্বিত সেবাপ্রদান ব্যবস্থাপনা (Integrated Service Delivery Platform-ISDP) গড়ে তোলা হচ্ছে। এজন্য সিআরভিএস-এর আওতায় প্রতিটি মানুষকে সুনির্দিষ্টরূপে চিহ্নিতকরণের নিমিত্ত এদেশে বিদ্যমান বিভিন্ন আইডি ব্যবস্থা সমন্বিত করে একটি ইউনিক আইডি (Unique ID-UID) প্রবর্তন করা হয়েছে। সিআরভিএস-এর এই বর্ধিত এবং সেবামুখী পরিকল্পনাকেই 'সিআরভিএস এন্ড বিয়োন্ড (CRVS$^{+\cdots}$)' বলা হচ্ছে।




চিত্র ০১: সিআরভিএস এন্ড বিয়োন্ড

০৩। এ পরিকল্পনা বাস্তবায়নে ২৪টি মন্ত্রণালয়/ বিভাগ এবং এগুলির আওতাধীন ২৪টি দপ্তর (অধিদপ্তর/ পরিদপ্তর/ ব্যুরো/ সমপর্যায়ের দপ্তর) জড়িত রয়েছে। এসকল সংস্থা কর্তৃক সমন্বিতভাবে বাংলাদেশে সিআরভিএস এন্ড বিয়োন্ড-এর যথাযথ এবং কার্যকর বাস্তবায়নের প্রয়োজনে এ নির্দেশনাসমূহ জারি করা হল।

## ০৪। অংশীজন সংস্থাসমূহ (Stakeholder Agencies)

৪.১ সিআরভিএস এন্ড বিয়োন্ড বাস্তবায়নের সঙ্গে নিম্নোক্ত মন্ত্রণালয়/ বিভাগ এবং এগুলির আওতাধীন দপ্তরসমূহ প্রত্যক্ষ অথবা পরোক্ষভাবে সংশ্লিষ্ট থাকবে:

| ক্রম | মন্ত্রণালয়/ বিভাগ | অধিদপ্তর/ পরিদপ্তর/ ব্যুরো/ সমপর্যায়ের দপ্তর |
|---|---|---|
| ১. | প্রধানমন্ত্রীর কার্যালয় | -- |
| ২. | মন্ত্রিপরিষদ বিভাগ | সিআরভিএস সচিবালয় (সিএস) |
| ৩. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ডিপিই), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (বিএনএফই) |
| ৪. | মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ | মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর (ডিএসএইচই), বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) |
| ৫. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | কারিগরি শিক্ষা অধিদপ্তর (ডিটিই), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ডিএমই) |
| ৬. | অর্থ বিভাগ | -- |
| ৭. | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | -- |
| ৮. | পররাষ্ট্র মন্ত্রণালয় | -- |
| ৯. | স্বাস্থ্য সেবা বিভাগ | স্বাস্থ্য অধিদপ্তর (ডিজিএইচএস) |
| ১০. | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | পরিবার পরিকল্পনা অধিদপ্তর (ডিজিএফপি) |
| ১১. | জন নিরাপত্তা বিভাগ | স্পেশাল ব্রাঞ্চ (এসবি), বাংলাদেশ পুলিশ |
| ১২. | সুরক্ষা সেবা বিভাগ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর (ডিআইপি) |
| ১৩. | আইন ও বিচার বিভাগ | নিবন্ধন পরিদপ্তর (ডিআর) |
| ১৪. | স্থানীয় সরকার বিভাগ | রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন (ওআরজি), সকল সিটি কর্পোরেশন (সিসি), পৌরসভা (এমসি) ও ইউনিয়ন পরিষদ (ইউপি) |
| ১৫. | পরিকল্পনা বিভাগ | -- |
| ১৬. | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) |
| ১৭. | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | -- |
| ১৮. | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | টেলিযোগাযোগ অধিদপ্তর (ডিওটি) |
| ১৯. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | আইসিটি অধিদপ্তর (ডিওআইসিটি), বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), এটুআই, ডিজিটাল সিকিউরিটি এজেন্সি (ডিএসএ) |
| ২০. | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | -- |
| ২১. | সমাজকল্যাণ মন্ত্রণালয় | সমাজ সেবা অধিদপ্তর (ডিএসএস) |
| ২২. | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | -- |
| ২৩. | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| ২৪. | নির্বাচন কমিশন সচিবালয় | এনআইডি অনুবিভাগ |

৪.২ সিআরভিএস এন্ড বিয়োন্ড বাস্তবায়নের ক্ষেত্রে উপানুচ্ছেদ ৪.১-এ বর্ণিত মন্ত্রণালয়/বিভাগ এবং এগুলির আওতাধীন দপ্তরসমূহের অংশগ্রহণের (engagement) ধরন এবং সাধারণ ভূমিকা (general role) হবে নিম্নরূপ:

## ছক-(ক): মন্ত্রণালয়/ বিভাগ সমূহের অংশগ্রহণ ও ভূমিকা

| ভূমিকা | অংশগ্রহণ | সংস্থা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| মুখ্য | সমন্বয় | মন্ত্রিপরিষদ বিভাগ [বাস্তবায়ন এবং নীতি-নির্ধারণ] | | | | | |
| | সিভিল রেজিস্ট্রেশন | স্থানীয় সরকার বিভাগ [জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত নীতি-নির্ধারণ] | আইন ও বিচার বিভাগ [বিবাহ, বিবাহ-বিচ্ছেদ এবং দত্তক গ্রহণ সংক্রান্ত নীতি-নির্ধারণ] | স্বাস্থ্য সেবা বিভাগ [মৃত্যুর কারণ নির্ণয় সংক্রান্ত নীতি-নির্ধারণ] | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় [প্রি-প্রাথমিক ও প্রাথমিক পর্যায়ে শিক্ষার্থী প্রোফাইল সংক্রান্ত নীতি-নির্ধারণ] | মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ [৬ষ্ঠ হতে ১২শ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী প্রোফাইল সংক্রান্ত নীতি-নির্ধারণ] | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ [৬ষ্ঠ হতে ১২শ শ্রেণি পর্যন্ত শিক্ষার্থী প্রোফাইল সংক্রান্ত নীতি-নির্ধারণ] |
| | | জন নিরাপত্তা বিভাগ [বাংলাদেশিদের মাইগ্রেশন নিবন্ধন সংক্রান্ত নীতি-নির্ধারণ] | | সুরক্ষা সেবা বিভাগ [বাংলাদেশিদের মাইগ্রেশন নিবন্ধন সংক্রান্ত নীতি-নির্ধারণ] | | | |
| | ভাইটাল স্ট্যাটিসটিক্স | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ [গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রস্তুতকরণ সংক্রান্ত নীতি-নির্ধারণ] | | | | | |
| | ইউনিক আইডি | নির্বাচন কমিশন সচিবালয় [ইউআইডি জেনারেশন, ডি-ডুপ্লিকেশন, ভেরিফিকেশন সংক্রান্ত নীতি-নির্ধারণ] | | | | | |
| সহযোগী | কারিগরি, আইনী ও অবকাঠামো | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ [কারিগরি ও অবকাঠামো প্রদান সংক্রান্ত নীতি-নির্ধারণ] | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [কারিগরি ও অবকাঠামো প্রদান সংক্রান্ত নীতি-নির্ধারণ] | অর্থ বিভাগ [প্রয়োজনীয় বাজেট প্রদান সংক্রান্ত নীতি-নির্ধারণ] | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ [প্রয়োজনীয় উন্নয়ন সহায়তা লাভে সহায়তাকরণ ও এসংক্রান্ত নীতি-নির্ধারণ] | পররাষ্ট্র মন্ত্রণালয় [প্রবাসীদের জন্ম-মৃত্যু নিবন্ধন এবং মাইগ্রেশন নিবন্ধন সংক্রান্ত আইনী ও অবকাঠামো প্রদান সংক্রান্ত নীতি-নির্ধারণ] | স্বাস্থ্য সেবা বিভাগ [জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত আইনী ও অবকাঠামো প্রদান সংক্রান্ত নীতি-নির্ধারণ] |
| | | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ [মৃত্যুর কারণ নির্ণয় এবং জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত আইনী ও অবকাঠামো প্রদান সংক্রান্ত নীতি-নির্ধারণ] | | প্রধানমন্ত্রীর কার্যালয় [বাস্তবায়ন এবং নীতি-নির্ধারণ] | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় [বিবাহ, বিবাহ-বিচ্ছেদ এবং দত্তক গ্রহণ সংক্রান্ত নীতি-নির্ধারণ] | প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় [বাংলাদেশি শ্রমিকদের মাইগ্রেশন নিবন্ধন সংক্রান্ত আইনী ও অবকাঠামো প্রদান সংক্রান্ত নীতি-নির্ধারণ] | |
| উপকারভোগী | সিআরভিএস এন্ড বিয়োন্ড সুবিধা ব্যবহারকরণ | সমাজকল্যাণ মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ | | | |

### ছক-(খ): আওতাধীন দপ্তরসমূহের অংশগ্রহণ ও ভূমিকা

| ভূমিকা | অংশগ্রহণ | সংস্থা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| মুখ্য | সমন্বয় | সিএস [আন্তঃসংস্থা কার্যক্রম বাস্তবায়ন এবং সিআরভিএস-এমসি ও অন্যান্য সকল কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান] | | | | | |
| | সিভিল রেজিস্ট্রেশন | ওআরজি [জন্ম ও মৃত্যু নিবন্ধন] | ডিআর [বিবাহ ও বিবাহ-বিচ্ছেদ নিবন্ধন] | ডিজিএইচএস [মৃত্যুর কারণ নির্ণয়] | ডিপিই [প্রি-প্রাথমিক হতে ৫ম শ্রেণি পর্যন্ত সকল ধরনের শিক্ষা ব্যবস্থার শিক্ষার্থী প্রোফাইল তৈরিকরণ] | ব্যানবেইস [৬ষ্ঠ হতে ১২শ শ্রেণি পর্যন্ত সকল ধরনের শিক্ষা ব্যবস্থার শিক্ষার্থী প্রোফাইল তৈরিকরণ] | এসবি [বর্হিগমন ও আগমন এর মাধ্যমে মাইগ্রেশন নিবন্ধন] |
| | ভাইটাল স্ট্যাটিসটিক্স | বিবিএস [সিআর হতে তথ্য নিয়ে গুরুত্বপূর্ণ পরিসংখ্যান প্রস্তুতকরণ; বিভিন্ন কোড যেমন জিও, অকুপেশনাল, এডুকেশন ইত্যাদি নির্ধারণ] | | | | | |
| | ইউনিক আইডি | এনআইডি উইং [ইউআইডি জেনারেশন, ডিস্ট্রিবিউশন, ডি-ডুপ্লিকেশন, ভেরিফিকেশন সেবা প্রদান] | | | | | |
| | আইএসডিপি | এটুআই [আইএসডিপি, স্ট্যান্ডার্ডস এবং কারিগরি পরামর্শ প্রদান] | | | | | |
| | সিআরভিএস অবকাঠামো | ডিওআইসিটি [আইটি সংক্রান্ত অবকাঠামো নির্মাণ ও সংশ্লিষ্ট সেবা প্রদান] | | | | | |
| সহযোগী | কারিগরি, আইনী ও অবকাঠামো | ডিওটি [টেলিকমিওনিকেশন সংক্রান্ত সেবা প্রদান] | বিসিসি [প্রয়োজনীয় ডাটা সার্ভার, ইন্টাঅপারেবিলিটি ব্যবস্থাপনা, NEA-BUS, NDC সংক্রান্ত সেবা প্রদান] | ডিজিটাল সিকিউরিটি এজেন্সি [ডিজিটাল ডাটা সিকিউরিটি নিশ্চিতকরণে আইনী অবকাঠামোগত সেবা প্রদান] | ডিজিএইচএস [জন্ম-মৃত্যু নিবন্ধন সহায়তা সংক্রান্ত সেবা ও অবকাঠামো প্রদান] | ডিজিএফপি [জন্ম-মৃত্যু নিবন্ধন, মৃত্যুর কারণ নির্ণয় সহায়তা সংক্রান্ত সেবা ও অবকাঠামো প্রদান] | |
| | | উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো [নন-ফরমাল স্টুডেন্ট প্রোফাইল তৈরিকরণ] | সিসি, এমসি ও ইউপি [জন্ম-মৃত্যু নিবন্ধন, মৃত্যুর কারণ নির্ণয় সহায়তা সংক্রান্ত সেবা ও অবকাঠামো প্রদান] | | | | |
| উপকারভোগী | সিআরভিএস এন্ড বিয়োন্ড সুবিধা ব্যবহারকরণ | ডিএসএস [আইএসডিপি-এর সহায়তায় সেবা প্রদান] | বিএমইটি [আইএসডিপি-এর সহায়তায় সেবা প্রদান] | | | | |

## ০৫। ব্যবস্থাপনা কাঠামো (Management Framework)

সিআরভিএস এন্ড বিয়োন্ড বাস্তবায়নের জন্য নিম্নোক্তভাবে ব্যবস্থাপনা কাঠামো গঠিত হবে:

৫.১ সিআরভিএস ব্যবস্থাপনা কমিটি: সিআরভিএস এন্ড বিয়োন্ড বাস্তবায়নের সার্বিক ব্যবস্থাপনা, পরামর্শ, এবং নীতি-নির্দেশনা প্রদানের জন্য একটি 'সিআরভিএস ব্যবস্থাপনা কমিটি' (CRVS Management Committee – CRVS MC) কাজ করবে। মন্ত্রিপরিষদ সচিব এ কমিটির সভাপতি এবং উপানুচ্ছেদ ৪.১-এর ছক (ক)-তে বর্ণিত ২৪টি মন্ত্রণালয়/ বিভাগের সিনিয়র সচিব/সচিবগণ সদস্য ও মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, সমন্বয় ও সংস্কার সদস্য-সচিব হিসাবে কাজ করবেন। এটি বিদ্যমান সিআরভিএস সংক্রান্ত স্টিয়ারিং কমিটির স্থলাভিষিক্ত হবে। কমিটি শুধু মুখ্য ভূমিকা পালনকারী মন্ত্রণালয়/ বিভাগের সদস্যদের নিয়ে প্রতি তিন মাস অন্তর সভায় মিলিত হবে। তবে কমিটি সকল সদস্যের উপস্থিতিতে আবশ্যিকভাবে বছরের


একবার (প্রয়োজনে একাধিকবার) সভায় মিলিত হবে। কমিটির বিস্তারিত গঠন ও কর্ম-পরিধি সংক্রান্তে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সংশোধিত প্রজ্ঞাপন জারি করা হবে।

৫.২ সিআরভিএস বাস্তবায়ন কমিটি: সিআরভিএস ব্যবস্থাপনা কমিটি-এর অধীনে একটি 'সিআরভিএস বাস্তবায়ন কমিটি' (CRVS Implementation Committee – CRVS IC) বাংলাদেশে সিআরভিএস এন্ড বিয়োন্ড বাস্তবায়ন করবে। মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, সমন্বয় ও সংস্কার এ কমিটির সভাপতি এবং উপানুচ্ছেদ ৪.১-এর ছক (খ)-তে বর্ণিত ২০টি দপ্তরের প্রধানগণ ও সংশ্লিষ্ট প্রকল্পের পরিচালকগণ সদস্য ও মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) এর সদস্য-সচিব হিসাবে কাজ করবেন। কমিটি শুধু মুখ্য ভূমিকা পালনকারী দপ্তরসমূহের প্রধানগণকে নিয়ে প্রতিমাসে সভায় মিলিত হবে। তবে কমিটি সকল সদস্যের উপস্থিতিতে আবশ্যিকভাবে বছরের দুইবার (প্রয়োজনে একাধিকবার) সভায় মিলিত হবে। কমিটির বিস্তারিত গঠন ও কর্ম-পরিধি সংক্রান্তে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সংশোধিত প্রজ্ঞাপন জারি করা হবে।

৫.৩ সিআরভিএস কারিগরি উপ-কমিটি: সিআরভিএস বাস্তবায়ন কমিটি'-এর অধীনে একটি 'সিআরভিএস কারিগরি উপ-কমিটি' (CRVS Technical Sub-committee – CRVS TSc) কাজ করবে। মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) এ উপ-কমিটির সভাপতি এবং উপানুচ্ছেদ ৪.১-এ বর্ণিত ২০টি দপ্তরের সংশ্লিষ্ট তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিশেষজ্ঞগণ সদস্য এবং মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সিআরভিএস) এর সদস্য-সচিব হিসাবে কাজ করবেন। এ কমিটি প্রতি মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হবেন। কমিটির বিস্তারিত গঠন ও কর্ম-পরিধি সংক্রান্তে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সংশোধিত প্রজ্ঞাপন জারি করা হবে।

৫.৪ সিআরভিএস লিগ্যাল রিভিউ উপ-কমিটি: সিআরভিএস বাস্তবায়ন কমিটি'-এর অধীনে একটি 'সিআরভিএস লিগ্যাল রিভিউ উপ-কমিটি' (CRVS Legal Review Sub-committee – CRVS LRSc) কাজ করবে। মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) এ উপ-কমিটির সভাপতি এবং উপানুচ্ছেদ ৪.১-এ বর্ণিত ২০টি দপ্তরের সংশ্লিষ্ট আইন কর্মকর্তা/বিশেষজ্ঞগণ সদস্য এবং মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সিআরভিএস) এর সদস্য-সচিব হিসাবে কাজ করবেন। এ কমিটি প্রতি মাসে একবার সভায় মিলিত হবেন। কমিটির বিস্তারিত গঠন ও কর্ম-পরিধি সংক্রান্ত মন্ত্রিপরিষদ বিভাগ হতে সংশোধিত প্রজ্ঞাপন জারি করা হবে।


৫.৫ সিআরভিএস সচিবালয়: CRVS MC এবং CRVS IC-কে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদান; প্রায়োগিক ব্যবস্থাপনা (Implementation Management); আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃসংস্থা সমন্বয় ও যোগাযোগ; উন্নয়ন সহযোগী ও বৈদেশিক যোগাযোগ; এবং সংশ্লিষ্ট অন্যান্য দায়িত্ব মন্ত্রিপরিষদ বিভাগে স্থাপিত সিআরভিএস সচিবালয় (CRVS Secretariat-CS) কর্তৃক পালন করা হবে। সিআরভিএস সচিবালয় বাংলাদেশে সিআরভিএস-এর ফোকাল পয়েন্ট এবং সকল কার্যক্রমের কেন্দ্র হিসাবে কাজ করবে। ইতোমধ্যেই এটি UNESCAP-এর এশিয়া প্যাসিফিক অঞ্চলের সিআরভিএস কার্যক্রমের বাংলাদেশ ফোকাল পয়েন্ট হিসাবে দায়িত্ব পালন করছে। এরূপ ভবিষ্যতেও সিআরভিএস সচিবালয় প্রযোজ্য অন্যান্য ক্ষেত্রেও একই দায়িত্ব পালন করবে। মন্ত্রিপরিষদ বিভাগের আওতাধীনে একটি পূর্ণাঙ্গ এবং পৃথক সংস্থা হিসাবে প্রতিষ্ঠিত হওয়া পর্যন্ত এটি সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগের নেতৃত্বে এবং অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগের ব্যবস্থাপনায় পরিচালিত হবে। এখানে উল্লেখ্য যে মন্ত্রিপরিষদ বিভাগ সহ অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর কর্তৃক সিআরভিএস সংক্রান্তে আন্তঃমন্ত্রণালয় ও আন্তঃসংস্থা; এবং উন্নয়ন সহযোগী ও বৈদেশিক যোগাযোগের ক্ষেত্রে সিআরভিএস সচিবালয়ের মাধ্যমে সম্পন্ন করতে হবে।




চিত্র ০২: ব্যবস্থাপনা কাঠামো

## ০৬। সমন্বিত প্রক্রিয়া (Integrated Process)

৬.১ সিআরভিএস এন্ড বিয়োন্ড বাস্তবায়নের জন্য ৪ নম্বর অনুচ্ছেদে বর্ণিত সংস্থাগুলির আইডি এবং সার্ভিস রেজিস্ট্রেশন সংক্রান্ত প্রক্রিয়াগুলিতে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্ন পরিসরে সংশোধনের মাধ্যমে একটি সমন্বিত প্রক্রিয়া চালু করতে হবে। এই সমন্বিত প্রক্রিয়া বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল সংস্থাকেই সিআরভিএস সচিবালয় কর্তৃক প্রবর্তিত ইউনিক আইডি (ইউআইডি) ব্যবহার এবং সিআরভিএস এন্টারপ্রাইজ আর্কিটেকচার (Enterprise Archtecture-EA), ইন্টারঅপারেবিলিটি স্ট্যান্ডার্ড এবং সিটিজেন কোর ডাটা স্ট্রাকচার (Citizen Core Data Structure-CCDS) অনুসরণ করতে হবে। এই সমন্বিত প্রক্রিয়াটির একটি সরলরূপ নিম্নে বিধৃত হল:




চিত্র ০৩: সমন্বিত প্রক্রিয়া

৬.২ উপানুচ্ছেদ ৬.১-এ বর্ণিত কর্মকান্ড বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল আইন ও বিধি-বিধান পর্যালোচনা সাপেক্ষে সিআরভিএস এন্ড বিয়োন্ড এর জন্য একটি স্বতন্ত্র আইনী কাঠামো তৈরি করতে হবে। উক্ত আইনী কাঠামোর আওতায় একটি স্বতন্ত্র 'সিআর ও আইডি কর্তৃপক্ষ' তৈরি করতে হবে।

## ০৭। ইউনিক আইডি (ইউআইডি) ব্যবহার (Implementation of Uniqe ID-UID)

বাংলাদেশে সংঘটিত সার্বিক উন্নয়নের আওতা হতে কেউই যেন বাদ না পড়ে সেজন্য বাংলাদেশে বসবাসকারী এবং প্রবাসী প্রত্যেক ব্যক্তিকে সুনির্দিষ্টরূপে এককভাবে চিহ্নিত করার নিমিত্ত প্রত্যেক ব্যক্তিকেই সিআর সংস্থাগুলির মাধ্যমে প্রমাণীকরণ (authentication) এবং দ্বৈততা পরিহার (de-duplication) করতে হবে। এজন্য সিআরভিএস সংশ্লিষ্ট সকল সংস্থা নিজ নিজ সেবা প্রদানের ক্ষেত্রে উপকারভোগী চিহ্নিতকরণের (identification) জন্য সিআরভিএস সচিবালয় কর্তৃক উদ্ভাবিত ও প্রণীত ১০ অঙ্কের (10 digit) ইউনিক আইডি ব্যবহার করবে। এক্ষেত্রে বিদ্যমান আইডি ব্যবস্থাগুলিকে পর্যায়ক্রমে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করে একটি পদ্ধতিতে রুপান্তরিতকরণ করা হবে:

৭.১ এনআইডি সিস্টেম হতেই মূলত ইউআইডি নম্বর জেনারেট হবে এবং অন্যান্য সংস্থাকে ব্যবহার করার জন্য প্রদান করা হবে। শুধু বাংলাদেশের নাগরিকগণকেই এনআইডি (অর্থাৎ ইউআইডি) প্রদান করা হবে।

৭.২ এনআইডি নম্বর হিসাবে বিদ্যমান ১৭ অঙ্কের একটি সংখ্যার পরিবর্তে ১০ অঙ্কের ইউআইডি নম্বর ব্যবহার করা হবে। ২০১৬ সালের অক্টোবর হতে নির্বাচন কমিশন বাংলাদেশ কর্তৃক প্রবর্তিত স্মার্ট এনআইডি কার্ডে এনআইডি নম্বর হিসাবে ১০ অঙ্ক বিশিষ্ট ইউআইডি নম্বর ব্যবহার করা শুরু হয়েছে।

৭.৩ জন্ম নিবন্ধনের সময়ই ব্যক্তিকে চিহ্নিতকরণের জন্য ইউআইডি ব্যবহার করা হবে। অর্থাৎ ইউআইডি শুরু হবে জন্ম নিবন্ধন হতে এবং শেষ হবে মৃত্যু নিবন্ধনের মাধ্যমে। এজন্য জন্ম নিবন্ধনের সময় সদ্যজাত শিশুর মা-বাবার এনআইডি (অর্থাৎ ইউআইডি) যাচাই করে নেওয়া হবে এবং শিশুটিকে যাচাইকৃত এনআইডি সম্পন্ন মা-বাবার সঙ্গে যুক্ত করে দেওয়া হবে এবং তাকে একটি ইউআইডি নম্বর প্রদান করা হবে। বাংলাদেশে জন্মগ্রহণকারী অনাগরিকের জন্ম নিবন্ধনের

সময় কোন একটি ডিজিট প্রিফিক্স হিসাবে যোগ করে ইউআইডি নম্বর প্রদান করতে হবে যা 'পিইউআইডি' নামে পরিচিত হবে। উল্লেখ্য জন্ম অথবা মৃত্যু নিবন্ধনের পর নিবন্ধন সনদে BRN অথবা DRN নম্বর থাকতে পারে কিন্তু ব্যক্তির চিহ্নিতকরণ হবে ইউআইডি দিয়ে।

৭.৪ জন্ম নিবন্ধনের সময় যে ইউআইডি প্রদান করা হবে সেটিই ব্যক্তির ১৮ বছর হওয়ার সঙ্গে সঙ্গে এনআইডিতে পরিণত হবে (বাংলাদেশে জন্মগ্রহণকারী অনাগরিক ব্যতীত)।

৭.৫ প্রাথমিক শিক্ষা স্তরে ভর্তির সময় শিক্ষার্থীর ১২টি মৌলিক তথ্য জন্ম ও মৃত্যু নিবন্ধন সিস্টেম হতে নিতে হবে ইউআইডি ব্যবহার করে এবং এখানকার স্টুডেন্ট প্রোফাইলিং ডাটাবেইজে শিক্ষার্থীকে এ একই ইউআইডি দিয়ে চিহ্নিতকরণ করতে হবে। একইভাবে, মাধ্যমিক স্তরে ভর্তির সময় এবং যেকোন পাবলিক পরীক্ষার নিবন্ধনের সময় শিক্ষার্থীর ১২টি মৌলিক তথ্য প্রাথমিক স্তরের স্টুডেন্ট প্রোফাইলিং ডাটাবেইজ হতে অথবা জন্ম ও মৃত্যু নিবন্ধন সিস্টেম হতে নিয়ে একই ইউআইডি ব্যবহার করে স্টুডেন্ট প্রোফাইলিং ডাটাবেইজ তৈরি করতে হবে। নিজস্ব ব্যবস্থাপনার সুবিধার্থে সকল স্তরেই প্রত্যেক বিদ্যালয় নিজস্ব রোল নম্বর এবং শিক্ষা বোর্ডগুলি এক্সাম রোল নম্বর ব্যবহার করতে পারে।

৭.৬ বিবাহ নিবন্ধনের সময় পাত্র, পাত্রী এবং তাদের পিতা-মাতার এনআইডি যাচাই করতে হবে এনআইডি সিস্টেম হতে। এখানেও প্রত্যেক পাত্র-পাত্রী এবং তাদের পিতা-মাতা চিহ্নিত হবে নিজ নিজ এনআইডি (অর্থাৎ ইউিআইডি) দিয়ে। একইভাবে, ব্যবস্থাপনার সুবিধার্থে প্রত্যেক বিবাহ অথবা বিবাহ-বিচ্ছেদের জন্য একটি আলাদা ইভেন্ট নম্বর থাকতে পারে।

৭.৭ বিদেশ হতে আগত যেকোন বিদেশী নাগরিক/অভিবাসীকে ডিআইপি কর্তৃক কোন একটি ডিজিট প্রিফিক্স হিসাবে যোগ করে ইউআইডি নম্বর প্রদান করতে হবে যা 'পিইউআইডি' নামে পরিচিত হবে।

৭.৮ অন্যান্য সকল সংস্থাগুলি তাদের নিজ নিজ উপকারভোগী ডাটাবেইজ তৈরির সময় ইউআইডি/এনআইডি যাচাই করে নিয়ে ঐ ইউআইডি দিয়েই উপকারভোগীকে চিহ্নিত করতে হবে।

## ০৮। গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় পরিসংখ্যান (Vital Statistics) প্রস্তুতকরণ

সিআর সংস্থাতে বিদ্যমান তথ্য হতেই রাষ্ট্রের গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় পরিসংখ্যান বা ভিএস তৈরি করতে হবে। বর্তমানে বিবিএস কর্তৃক সময় সময় বিভিন্ন শুমারি, জরিপ ইত্যাদির মাধ্যমে ভিএস তৈরি করা হচ্ছে যা সংশ্লিষ্ট সিআর সংস্থার সঙ্গে বিবিএস-এর তথ্য-প্রদান ব্যবস্থা সমন্বিত না হওয়া পর্যন্ত চলবে। সিআর তথ্য হতে ভিএস তৈরির জন্য বিবিএস প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন করবে। বাংলাদেশের জন্য কোন কোন পরিসংখ্যান ভিএস হিসাবে বিবেচিত হবে তা প্রয়োজনানুযায়ী বিবিএস কর্তৃক নির্ধারণ করা হবে। যেসকল ভিএস সিআর তথ্য হতে তৈরি করা সম্ভব হবেনা, সেসকল ভিএস-এর জন্য বিবিএস সংশোধিত আকারে শুমারি/জরিপ পরিচালনা করবে। এখানে উল্লেখ্য যে, সিআর তথ্য হতে ভিএস তৈরি করার মানে এনয় যে বিবিএস রাষ্ট্রের প্রয়োজনে অন্যকোন শুমারি/জরিপ অথবা আদমশুমারি করা হতে বিরত থাকবে। বরং সিআর তথ্য হতে তৈরিকৃত ভিএস-এর যথাযথতা যাচাই করার জন্য বিবিএসকে বিশেষ ভিএস শুমারি/জরিপ করতে হতে পারে।

## ০৯। মৌলিক উপাত্তের একক উৎস (One Source of Fields):

সিআরভিএস এন্ড বিয়োন্ড সংশ্লিষ্ট প্রতিটি মৌলিক উপাত্তের (fields) কেবল একটি উৎস সংস্থা থাকবে। সিআরভিএস এন্ড বিয়োন্ড এর সঠিকতা ও কার্যকারিতা বজার রাখার জন্য প্রতিটি মৌলিক উপাত্তের যেকোন পরিবর্তন বা সংশোধন এবং ঐ মৌলিক উপাত্তের সত্যতা সম্পর্কে যাচাইকরণ (verification) কেবল সেই উৎস সংস্থা কর্তৃক সম্পাদিত হবে। অন্য কোন সংস্থা একই মৌলিক উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার করলেও (পরিসংখ্যান তৈরি, সনদ প্রদান, আইডি প্রদান ইত্যাদি) তা পরিবর্তন, সংশোধন করতে পারবে না অথবা ঐ মৌলিক উপাত্তের সত্যতা সম্পর্কে ভেরিফিকেশন প্রদান করবে না। এ নীতিমালা জারি ও কার্যকর হওয়ার পর কোন মৌলিক উপাত্তের ক্ষেত্রে উৎস সংস্থা ব্যতিত অন্য কোন সংস্থা কর্তৃক পরিবর্তন, সংশোধন অথবা ঐ মৌলিক উপাত্তের সত্যতা সম্পর্কে ভেরিফিকেশন গ্রহণযোগ্য হবে না। সিআরভিএস এন্ড বিয়োন্ড-এর ক্ষেত্রে মৌলিক উপাত্ত ও সংশ্লিষ্ট উৎস সংস্থা নিম্নরূপ:

| ওআরজি | ডিজিএইচএস | ডিপিই | ব্যানবেইস | নির্বাচন কমিশন | সকল দপ্তর |
|---|---|---|---|---|---|
| • ইউআইডি<br>• নাম<br>• পিতার নাম<br>• মাতার নাম<br>• জন্ম তারিখ<br>• জন্ম স্থান<br>• বিআরএন<br>• মৃত্যুর তারিখ<br>• মৃত্যুর স্থান<br>• ডিআরএন | • মৃত্যুর কারণ<br>• রোগীর আইডি | • শিক্ষার্থীর শ্রেণি<br>• শিক্ষার্থী রোল নম্বর<br>• বিদ্যালয়ের নাম<br>• পরীক্ষায় উত্তীর্ণের সাল<br>• ক্ষুদ্র নৃগোষ্ঠী<br>• বিশেষ চাহিদা সম্পন্ন | • শিক্ষার্থীর শ্রেণি<br>• শিক্ষার্থীর রোল নম্বর<br>• বিদ্যালয়ের নাম<br>• পরীক্ষায় উত্তীর্ণের সাল | • এনআইডি<br>• ভোটার নম্বর<br>• ফিঙ্গার প্রিন্ট<br>• আইরিস | • জেন্ডার<br>• ধর্ম<br>• পেশা<br>• স্থায়ী ঠিকানা |

ব্যাখ্যা – সিআরভিএস এন্ড বিয়োন্ড সংশ্লিষ্ট প্রতিটি সংস্থাই নিজ নিজ কর্ম-পরিধির প্রয়োজনে বিভিন্ন রকম উপাত্ত সংগ্রহ, ব্যবহার এবং সংরক্ষণ করে থাকে। স্বাভাবিকভাবেই একই উপাত্ত একাধিক সংস্থা সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার করতে পারে। ফলে দেখা যায় যে, একই মৌলিক উপাত্তটি ভিন্ন ভিন্ন সংস্থা কর্তৃক প্রদত্ত সনদপত্র বা অন্যকোন দলিলে ভিন্নভাবে উল্লেখ করা হয়েছে। যেমন: একজন ব্যক্তির জন্ম তারিখ বা নাম সকল ক্ষেত্রেই একই হওয়ার কথা থাকলেও যেহেতু বিভিন্ন সংস্থা স্বাধীনভাবে তা সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার করে থাকে, ফলে প্রয়োজনের নিরীখে সংস্থাগুলি জন্ম তারিখ বা নাম সংশোধন অথবা পরিবর্তন করে থাকে। এর ফলে সরকারি সেবা প্রদানে নানা ধরনের জটিলতা তৈরি হয়।

এ সংক্রান্ত সকল জটিলতা নিরসন করার জন্যই কোন ব্যক্তির নাম অথবা জন্ম তারিখ জন্ম নিবন্ধনের সময় যেভাবে নিবন্ধিত হবে ঠিক সেভাবেই তার নাম ও জন্ম তারিখ সকল সংস্থা সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবহার করবে। কখনও কোন কারণবশতঃ ঐ ব্যক্তির নাম বা জন্ম তারিখ পরিবর্তন, সংশোধন করা অথবা ঐ ব্যক্তির নাম বা জন্ম তারিখের সত্যতা সম্পর্কে ভেরিফিকেশন প্রয়োজন হলে তা কেবল ওআরজি কর্তৃকই সম্পাদন করা যাবে। অন্যকোন সংস্থা কর্তৃক ঐ ব্যক্তির নাম বা জন্ম তারিখ পরিবর্তন, সংশোধন করা অথবা ঐ ব্যক্তির নাম বা জন্ম তারিখের সত্যতা সম্পর্কে ভেরিফিকেশন প্রদান করা যাবে না। এভাবে প্রতিটি মৌলিক উপাত্তের ক্ষেত্রে কেবল সংশ্লিষ্ট সংস্থাই ঐ উপাত্তের যেকোন পরিবর্তন বা সংশোধন এবং সত্যতা সম্পর্কে ভেরিফিকেশন প্রদান করবে।

## ১০। তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা (Privacy and Security of Information)

সিআরভিএস এন্ড বিয়োন্ড সংশ্লিষ্ট প্রতিটি মৌলিক উপাত্ত এবং তথ্য ব্যক্তিগত বিষয় বিধায় এগুলি বেশ স্পর্শকাতর। এসকল উপাত্ত এবং তথ্যের গোপনীয়তা ও নিরাপত্তা বজার রাখতে হবে। এক্ষেত্রে 'ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮' এবং 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬' এর বিধানাবলী যথাযথভাবে মেনে চলতে হবে। একইসঙ্গে, বাংলাদেশের জন্য প্রযোজ্য, এ বিষয়ে বিদ্যমান আন্তর্জাতিক কনভেনশন, চুক্তি ইত্যাদিও মেনে চলতে হবে। কাজের সুবিধার্থে তথ্যকে গণ (public), ব্যক্তিগত (private) এবং স্পর্শকাতর (sensitive) এই তিনটি ভাগে বিভক্ত করা যেতে পারে। পরবর্তীতে সুবিধাজনক সময়ে এ বিষয়ে সিআরভিএস সচিবালয় হতে বিস্তারিত নির্দেশনা এবং নীতিমালা জারি করা হবে।

## ১১। বাস্তবায়ন পরিকল্পনা (Implementation Plan)

সফল ও কার্যকর সিআরভিএস এন্ড বিয়োন্ড প্রতিষ্ঠার জন্য সংশ্লিষ্ট সকল সংস্থাকে নিম্নোক্ত কর্মকাণ্ড আবশ্যিকভাবে বাস্তবায়ন করতে হবে:

| ক্রম | বিষয় | সংস্থা | মন্তব্য | বাস্তবায়ন কাল |
|---|---|---|---|---|
| ১১.১ | ইউআইডি ব্যবহার নিশ্চিতকরণ: নিজ নিজ পপুলেশন ডাটাবেইজে এবং সেবাগ্রহীতাকে প্রদত্ত সনদ/কার্ডে ব্যক্তি চিহ্নিতকরণে সিআরভিএস সচিবালয় কর্তৃক উদ্ভাবিত ও প্রণীত ইউআইডি নম্বরের ব্যবহার নিশ্চিত করতে হবে। | ওআরজি | জন্ম ও মৃত্যু নিবন্ধন সনদপত্র | ২০১৯ |
| | | ডিআর | বিবাহ এবং বিবাহ-বিচ্ছেদ নিবন্ধন সনদপত্র | |

| ক্রম | বিষয় | সংস্থা | মন্তব্য | বাস্তবায়ন কাল |
|---|---|---|---|---|
| | | ডিপিই | স্টুডেন্ট আইডি কার্ড প্রদানের সময় | |
| | | ব্যানবেইস | স্টুডেন্ট আইডি কার্ড প্রদানের সময় | |
| ১১.২ | নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামো অনুসরণ: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ২০১২ সালের ২৭ সেপ্টেম্বর তারিখে ০৪.২২২.০৫৮.০০.০৩.০১৪.২০১০.২৫৯ নম্বর স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী নিজ নিজ পপুলেশন ডাটাবেইজ 'নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামো' (Citizen Core Data Structure – CCDS) অনুসরণ করে তৈরি করবে। যে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থা কর্তৃক ইতোমধ্যেই নিজ নিজ পপুলেশন ডাটাবেইজ তৈরি করা হয়েছে সেসকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর সংশ্লিষ্ট ডাটাবেইজকে সিসিডিএস অনুযায়ী পুনর্গঠন/সংশোধন করবে। এক্ষেত্রে ডাটাবেইজের নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা করা হবে। | নির্বাচন কমিশন | এনআইডি ডাটাবেইজ | ২০১৯ |
| | | ওআরজি | জন্ম ও মৃত্যু নিবন্ধন ডাটাবেইজ | |
| | | ডিপিই | স্টুডেন্ট প্রোফাইলিং ডাটাবেইজ | |
| | | ব্যানবেইস | স্টুডেন্ট প্রোফাইলিং ও ডাটাবেইজ | |
| | | ডিআর | বিবাহ ও বিবাহ-বিচ্ছেদ নিবন্ধন ডাটাবেইজ | |
| | | ডিজিএইচএস | ডিএইচআইএস-২ এবং এসএইচআর | |
| ১১.৩ | ডাটা ও ইন্টারঅপারেবিলিটি স্ট্যান্ডার্ড অনুসরণ: নিজ নিজ পপুলেশন ডাটাবেইজ তৈরি করার সময় সিআরভিএস কারিগরি উপ-কমিটি (CRVS TSc) কর্তৃক প্রবর্তিত ডাটা ও ইন্টারঅপারেবিলিটি স্ট্যান্ডার্ড অনুসরণ করতে হবে। এক্ষেত্রে এটুআই-এর কারিগরি পরামর্শ ও মতামত নেওয়া যেতে পারে। তাছাড়া, ডাটাবেইজ তৈরির জন্য বিবিএস কর্তৃক প্রবর্তিত প্রয়োজনীয় জিউকোড (geo code), এডুকেশন কোড (education code), অকুপেশনাল কোড (occupational code) ইত্যাদিও অনুসরণ করতে হবে। যেসকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন অধিদপ্তর/সংস্থা কর্তৃক ইতোমধ্যেই নিজ নিজ পপুলেশন ডাটাবেইজ তৈরি করা হয়েছে সেসকল মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তরকে সংশ্লিষ্ট ডাটাবেইজকে ডাটা ও ইন্টারঅপারেবিলিটি স্ট্যান্ডার্ড; এবং জিউকোড, এডুকেশন কোড, ও অকুপেশনাল কোড অনুযায়ী পূণর্গঠন/সংশোধন করতে হবে। | নির্বাচন কমিশন | এনআইডি ডাটাবেইজ | ২০১৯ |
| | | ওআরজি | জন্ম ও মৃত্যু নিবন্ধন ডাটাবেইজ | |
| | | ডিপিই | স্টুডেন্ট প্রোফাইলিং ডাটাবেইজ | |
| | | ব্যানবেইস | স্টুডেন্ট প্রোফাইলিং ও ডাটাবেইজ | |
| | | ডিআর | বিবাহ ও বিবাহ-বিচ্ছেদ নিবন্ধন ডাটাবেইজ | |
| | | ডিজিএইচএস | ডিএইচআইএস-২ এবং এসএইচআর | |
| ১১.৪ | তথ্য আদান-প্রদান: নাগরিকের মৌলিক উপাত্ত কাঠামোতে বর্ণিত ১২টি আবশ্যকীয় (mandatory) উপাত্ত সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট সংস্থাসমূহ পরস্পরের মধ্যে আদান-প্রদান করবে। আবার সংশ্লিষ্ট সংস্থাসমূহের পারস্পরিক সম্মতির পরিপ্রেক্ষিতে ৮টি ঐচ্ছিক (optional) উপাত্ত সংক্রান্ত তথ্যও এবং নিজেদের প্রয়োজনে অন্যান্য বিশেষ তথ্যাদিও আদান-প্রদান করতে পারবে। সিআর তথ্য হতে গুরুত্বপূর্ণ পরিসংখ্যান তৈরির জন্য সকল সংস্থা বিবিএস-কে চাহিদামাফিক তথ্য প্রদান করবে। | সংশ্লিষ্ট সকল সংস্থা | তথ্য আদান-প্রদানের জন্য প্রয়োজনীয় সকল বিধি-বিধানগত এবং কারিগরি কার্যক্রম | ২০১৯ |

| ক্রম | বিষয় | সংস্থা | মন্তব্য | বাস্তবায়ন কাল |
|---|---|---|---|---|
| ১১.৫ | সেবা প্রদান পদ্ধতি সমন্বয়করণ: সংশ্লিষ্ট সংস্থার সেবা প্রদান পদ্ধতিতে প্রয়োজনীয় সংস্কার আনয়ন করতে হবে যেন একটি সমন্বিত ব্যবস্থা তৈরি করা সম্ভব হয়। সমন্বিত সেবা প্রদান পদ্ধতি তৈরি করতে হলে সংশ্লিষ্ট সকল সংস্থাকেই আইএসডিপি-এর সঙ্গে সংযুক্ত হতে হবে। | | | |
| | (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ এর অধীন জারিকৃত বিদ্যমান বিধিমালা ও নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মীর সহায়তায় এবং শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে নিবন্ধনকরণ। | ডিজিএইচএস, ডিজিএফপি, এবং ডিপিই | --- | ২০১৯ |
| | (খ) মৃত্যুর কারণ সংক্রান্ত তথ্য মৃত্যু নিবন্ধন সনদপত্রে অন্তর্ভুক্তকরণের জন্য এবং এতথ্য হতে প্রয়োজনীয় অত্যাবশ্যকীয় পরিসংখ্যান প্রস্তুতকরণের জন্য যথাযথ সংস্কার সাধন। | ডিজিএইচএস, ওআরজি এবং বিবিএস | --- | ২০১৯ |
| | গ) বিবাহ এবং বিবাহ বিচ্ছেদ নিবন্ধনের সময় ১২টি আবশ্যকীয় তথ্য যাচাই এবং আদান-প্রদানের জন্য বিদ্যমান বিবাহ ও বিবাহ-বিচ্ছেদ নিবন্ধনকরণ প্রক্রিয়াটি ডিজিটাইজ করণের জন্য প্রয়োজনীয় সংস্কার সাধন। | ডিআর, ওআরজি, এবং নির্বাচন কমিশন | --- | ২০১৯ |
| | (ঘ) স্টুডেন্ট প্রোফাইল তৈরির সময় ১২টি আবশ্যকীয় তথ্য যাচাই এবং আদান-প্রদানের জন্য প্রয়োজনীয় সংস্কার সাধন। | ওআরজি, ডিপিই, ব্যানবেইস, নির্বাচন কমিশন, ও শিক্ষা বোর্ড | --- | ২০১৯ |
| | (ঙ) মাঠ পর্যায়ে Student enrollment infrastructure-সহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো স্থাপন, রক্ষণাবেক্ষণ ও সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় আইনী কাঠামো প্রণয়ন ও নীতিমালা প্রণয়ন এবং বাস্তবায়না করবে। মাঠ পর্যায়ে সিআরভিএস এন্ড বিয়োন্ড এর অংশগ্রহণকার ও সহযোগী সংস্থার প্রয়োজনের সঙ্গে এই অবকাঠামো ও সেবার সমন্বয় করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | --- | ২০১৯ |
| ১১.৬ | গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় পরিসংখ্যান প্রস্তুতকরণ: সিআর তথ্য দিয়ে ভিএস প্রস্তুত করতে হবে। এজন্য সংশ্লিষ্ট সিআর সংস্থাগুলিকে নিজ নিজ ডাটাবেইজকে ডিজিটাইজ করতে হবে এবং বিবিএস-কে চাহিদা মাফিক তথ্য প্রদান করতে হবে। | বিবিএস | --- | ২০১৯ |
| ১১.৭ | শিক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ ও অত্যাবশ্যকীয় পরিসংখ্যান প্রস্তুত | ডিপিই এবং ব্যানবেইস | --- | ২০১৯ |
| ১১.৮ | আইনী কাঠামো সংস্কার ও সমন্বয়করণ: | | | |
| | (ক) ইতোপূর্বে বর্ণিত কর্মকান্ড বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট আইনী কাঠামো সংস্কার করতে হবে। | নির্বাচন কমিশন; ওআরজি; ডিপিই; ব্যানবেইস; ডিজিএইচএস এবং ডিআর | --- | ২০২০ |

| ক্রম | বিষয় | সংস্থা | মন্তব্য | বাস্তবায়ন কাল |
|---|---|---|---|---|
| | (খ) ডিজিটাল ডাটার নিরাপত্তা নিশ্চিত করার জন্য 'ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮' এবং 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ২০০৬' এর বিধানাবলী সমন্বয় করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | সকল সংস্থা | --- | ২০২০ |
| | (গ) বাংলাদেশে কোন দত্তক আইন না থাকায় সেটি প্রণয়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। এক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়সহ সংশ্লিস্ট সকল মন্ত্রণালয়/বিভাগ সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে। | আইন ও বিচার বিভাগকে | --- | ২০২০ |
| | (ঘ) সিআরভিএস সচিবালয়কে একটি পূর্ণাঙ্গ ও পৃথক সংস্থা হিসাবে প্রতিষ্ঠিত করা এবং একটি একক ও স্বতন্ত্র 'সিআর ও আইডি কর্তৃপক্ষ' প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় আইনী কাঠামো তৈরিকরণ। এ বিষয়ে আইন ও বিচার বিভাগ সহ সংশ্লিস্ট সকল মন্ত্রণালয়/বিভাগ সর্বাত্মক সহযোগিতা প্রদান করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ | --- | ২০১৯ |
| ১১.৯ | <u>প্রয়োজনীয় পাইলটিং এবং পরীক্ষা-নিরীক্ষাকরণ:</u> প্রয়োজনীয় সকল ধরণের পাইলটিং এবং পরীক্ষা-নিরীক্ষাকরণ কার্যক্রম সম্পদান করতে হবে। প্রাথমিক ধাপ হিসাবে একটি সমন্বিত ডিজিটাল সিআরভিএস প্ল্যাটফর্ম তৈরির জন্য আন্তর্জাতিক বেসরকারি সংস্থা প্ল্যান ইন্টারন্যাশনাল কর্তৃক প্রণীত OpenCRVS ধারণাটির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। এজন্য প্ল্যান ইন্টারন্যাশনালের বাংলাদেশ দপ্তর হতে প্রয়োজনীয় আর্থিক ও কারিগরি সহায়তা গ্রহণ করা যেতে পারে। | মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস সচিবালয় | পরীক্ষা-নিরীক্ষা করতে হবে। | ২০১৮-২০১৯ |
| | | | পাইলটিং সম্পন্ন করতে হবে। | ২০২০ |

১২। সিআরভিএস এন্ড বিয়োন্ড বাস্তবায়নে সংশ্লিষ্ট প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তরের সুনির্দিষ্ট (agency specific) দায়িত্ব এবং কর্মকাণ্ড বাস্তবায়ন করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তরের সঙ্গে পরামর্শ এবং পারস্পরিক সম্মতির পরিপ্রেক্ষিতে সিআরভিএস সচিবালয় হতে সময় সময় নির্দেশনা জারি করা হবে।

১৩। এ নীতিমালা অনতিবিলম্বে কার্যকর হবে।

(মোঃ আশফাকুল আমিন মুকুট)
উপসচিব (সিআরভিএস ও সামাজিক নিরাপত্তা)
মন্ত্রিপরিষদ বিভাগ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।
৩. সিনিয়র সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৪. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়।
৫. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৬. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৭. সচিব, জন নিরাপত্তা বিভাগ।
৮. সচিব, পরিকল্পনা বিভাগ।

৯. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়।
১০. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
১১. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
১২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ।
১৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
১৪. সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৫. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
১৬. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
১৭. সচিব, অর্থ বিভাগ।
১৮. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
১৯. সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
২০. সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
২১. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
২২. সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
২৩. সচিব, সুরক্ষা সেবা বিভাগ।
২৪. সচিব, আইন ও বিচার বিভাগ।
২৫. মহাপরিচারক, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
২৬. মহাপরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
২৭. অতিরিক্ত সচিব (সমন্বয়), ও সিআরভিএস সচিবালয়, মন্ত্রিপরিষদ বিভাগ্
২৮. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
২৯. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩০. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।
৩১. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ।
৩২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩৪. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩৫. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ।
৩৬. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন পরিদপ্তর, আইন ও বিচার বিভাগ।
৩৭. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ, জন নিরাপত্তা বিভাগ।
৩৮. রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ।
৩৯. মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪০. মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।
৪১. নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৪২. মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৪৩. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৪৪. মহাপরিচালক, এনআইডি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়।
৪৫. প্রকল্প পরিচালক, একসেস টু ইনফরমেশন (এটুআই), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

১৯ চৈত্র ১৪২৫

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৭২৪.১৬.০০৬.১৮.০৫৩/২(২) তারিখ:--------------------

০২ এপ্রিল ২০১৯

**অনুলিপি-সদয় অবগতি ও কার্যার্থে:**

১. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব।

২. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ মহোদয়ের একান্ত সচিব।

০২/০৪/২০১৯

(মোঃ আশফাকুল আমিন মুকুট)
উপসচিব (সিআরভিএস ও সামাজিক নিরাপত্তা)